# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

**বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও ]

## ক বিভাগ

১. ▶ আলিম রিপেয়ারিং সার্ভিসের ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখের রেওয়ামিল:

**আলিম রিপেয়ারিং সার্ভিস**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৭০,০০০ | |
| অগ্রিম বিমা | ৮,০০০ | |
| সাপ্লাইজ | ৬,০০০ | |
| পঞ্জীভূত অবচয়– আসবাবপত্র | | ৫,০০০ |
| মূলধন | | ৫০,০০০ |
| রিপেয়ারিং সেবা আয় | | ৭৯,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩৫,০০০ | |
| বেতন খরচ | ২০,০০০ | |
| অনুপার্জিত রিপেয়ারিং সেবা আয় | | ১৫,০০০ |
| ইউটিলিটি খরচ | ৭,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১২,০০০ |
| ১০% প্রদেয় নোট | | ১০,০০০ |
| উত্তোলন (৩০.৬.২০১৫) | ৩,০০০ | |
| ভাড়া খরচ | ১২,০০০ | |
| নগদ তহবিল | ১০,০০০ | |
| | ১,৭১,০০০ | ১,৭১,০০০ |

**অন্যান্য তথ্য :** ১. রিপেয়ারিং -এর কাজ করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ১১,০০০ টাকা। ২. সাপ্লাইজ মজুদ রয়েছে ২,০০০ টাকা। ৩. প্রতিমাসে বিমা খরচ অতিক্রান্ত হয়েছে ২০০ টাকা। ৪. অনুপার্জিত রিপেয়ারিং আয় অর্জিত হয়েছে ১০,০০০ টাকা। ৫. আসবাপত্রের ওপর ১০% হারে অবচয় ধার্য করো।

ক. মূলধন ও উত্তোলনের ওপর ১০% হারে সুদ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিট আয় বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

Teachingbd.com

২.▶ ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে পিয়াল ট্রেডার্সের রেওয়ামিল নিচে দেওয়া হলো:

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৬০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ১,৭৫,৫৫০ | ৪,৮৭,৯০০ |
| বেতন | ২০,০০০ | |
| ফেরত | ৮,০০০ | ৪,০০০ |
| বিমা প্রিমিয়াম | ৩,০০০ | |
| কমিশন | ৪,২০০ | ৩,০০০ |
| বিজ্ঞাপন | ১১,০০০ | |
| পরিবহন | ১০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১০,৪০০ |
| ভ্যাট চলতি হিসাব | ৫,২০০ | |
| হাতে নগদ | ৬০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,৭৭,০৫০ | |
| মূলধন | | ২৮,৭০০ |
| | ৫,৩৪,০০০ | ৫,৩৪,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৫০,০০০ টাকা। ২. পণ্য বিক্রয় হিসাবভুক্ত হয়নি ১০,০০০ টাকা। ৩. মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। ৪. প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। ৫. বিজ্ঞাপনের খরচের ৪/৫ অংশ বিলম্বিত করো।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি করো। ২

খ. মোট লাভ নির্ণয় করো। ৪

গ. নিট লাভ ২,০০,০০০ টাকা ধরে প্রতিষ্ঠানের মোট দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩.▶ ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে জনাব রিয়াজ নগদ ৮০,০০০ টাকা, ৪০,০০০ টাকার আসবাবপত্র ও মিতার নিকট হতে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনসমূহ নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| জানু. | ৫ | ৫০০ টাকা ভ্যাটসহ নগদে মাল ক্রয় ৫৭,৫০০ টাকা। |
| " | ১০ | রফিকের নিকট নগদে মাল বিক্রয় ৬০,০০০ টাকা। |
| " | ১২ | আন্তঃফেরত ৫,০০০ টাকা। |
| " | ১৫ | কমিশন পাওয়া গেল ৭,০০০ টাকা। |
| " | ২০ | নগদে যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ২৫ | ফারুকের নিকট হতে পণ্য ক্রয় ১০,০০০ টাকা। |

http://teachingbd.com

জানু. ২৮ ভাড়া প্রদান ৮,০০০ টাকা।
" ৩০ ফারুককে পূর্ণ নিষ্পত্তিতে ৯,০০০ টাকা দেওয়া হলো।

ক. জাবেদা দাখিলার মাধ্যমে মি. রিয়াজের ব্যবসায়ের শুরুতে মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৫, ১২, ১৫ ও ৩০ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত করো (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪

গ. ১০, ২০, ২৫ ও ২৮ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪.▶ ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে সাহারা ট্রেডার্স-এর হিসাব বই হতে নিম্নলিখিত তথ্যাবলি গৃহীত হলো:

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাব খাত | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৬০,০০০ |
| বিক্রয় | | ৪,৮০,০০০ |
| ক্রয় | ২,৮০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৬০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২,০০,০০০ | |
| বেতন | ৪০,০০০ | |
| অগ্রিম ভাড়া | ৬০,০০০ | |
| | ৬,৪০,০০০ | ৬,৪০,০০০ |

অন্যান্য তথ্য : ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,২০,০০০ টাকা। ২. ২০,০০০ টাকার ধারে পণ্য বিক্রয় হিসাবভুক্ত হয়নি। ৩. বেতন অগ্রিম প্রদত্ত হয়েছে ১০,০০০ টাকা। ৪. অগ্রিম ভাড়ার ৪৮,০০০ টাকার মেয়াদ অতিক্রান্ত হয়েছে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত সমন্বয়গুলোর জন্য সমন্বয় দাখিলা দেখাও। ৪

গ. উপর্যুক্ত তথ্যাবলি হতে সাহারা ট্রেডার্স-এর ব্যবসায়ের একটি ১০ ঘর বিশিষ্ট কার্যপত্র তৈরি করো। ৪

৫.▶ শাহিন ট্রেডার্সের হিসাব বই থেকে ২০১৫ সালের ৩০ জুন তারিখে নিম্নোক্ত লেনদেনসমূহ নেয়া হয়েছে:

১. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ১০,৫০০ টাকা।

২. ব্যাংক কর্তৃক পরিশোধিত ৩,১৫০ টাকার প্রদেয় নোট নগদান বইতে লেখা হয়নি।

৩. ব্যাংকে জমাকৃত ২,০৫০ টাকার একটি চেক এখনও ব্যাংক কর্তৃক আদায় হয়নি।

Teachingbd.com

৪. একজন দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমাদান ২,৬২০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

৫. ব্যাংক সুদ ৫০ টাকা এবং ব্যাংক চার্জ ৪০ টাকা নগদান বইতে লেখা হয়নি।

৬. পাওনাদার বরাবরে ইস্যুকৃত ৫,০০০ টাকার মোট ২টি চেক ব্যাংকে জমা দেয়া হয়েছে যার মধ্যে ৮৫০ টাকার চেকটি ব্যাংকে উপস্থাপিত হয়েছে।

ক. ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি তার পরিমাণ নির্ণয় করো। ২

খ. যে সকল লেনদেন নগদান বইয়ে লেখা হয়নি সেগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. শাহীন ট্রেডার্সের একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করো। ৪

৬.▶ শাপলা ট্রেডার্সের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ:

| হিসাব খাত | টাকা | হিসাব খাত | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ৮৫,০০০ | সুনাম | ২০,০০০ |
| ক্রয় | ৭৯,৫০০ | কবিরকে প্রদত্ত ঋণ | ২০,০০০ |
| মজুদ পণ্য (১.১.২০১৫) | ২২,০০০ | নগদ তহবিল | ৩,৫০০ |
| ১০% ব্যাংক ঋণ | ১২,০০০ | মজুদ পণ্য (৩১.১২.২০১৫) | ২৫,০০০ |
| মনিহারি মজুদ (১.১.১৫) | ২,০০০ | বিক্রয় পরিবহন | ৬,৫০০ |
| বিক্রয় | ১,১০,০০০ | ক্রয় ফেরত | ১,০০০ |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | ২,০০০ | শিক্ষানবিশ সেলামি | ৩,০০০ |
| বকেয়া বেতন | ৫০০ | আসবাবপত্র | ২০,০০০ |
| মনিহারি মজুদ (৩১.১২.১৫) | ৫০০ | সম্ভাব্য দায় | ১০,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | কলকব্জা | ৩০,০০০ |

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলোর টাকার পরিমাণ নির্ণয় করো। ২

খ. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত উদ্বৃত্তগুলো দ্বারা ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে একটি রেওয়ামিল তৈরি করো। ৪

৭.▶ মি. শিহাবের ২০১৫ সালের ১ মার্চ তারিখে হাতে নগদ ২০,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ৫,৭০০ টাকা ছিল। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ:

মার্চ ২ নগদে বিক্রয় ১২,০০০ টাকা। যার অর্ধাংশ সাথে সাথে ব্যাংকে জমা দেয়া হলো।

" ৪ মিসেস শান্তার পাওনা ৬,০০০ টাকা ৫% বাট্টায় ৫০% নগদে ও ৫০% চেকে পরিশোধ করা হলো।

" ৫ দেনাদার ফাহিমের নিকট হতে ১০,০০০ টাকা পাওনার ২% বাট্টায় ৪,৮০০ টাকা নগদে ও অবশিষ্ট টাকা চেকে পাওয়া গেল। চেকখানি ঐ দিনই ব্যাংকে জমা দেয়া হলো।

" ১৫ স্বীকৃতি বিলের মাধ্যমে ক্রয় ৫,০০০ টাকা ও ধারে বিক্রয় ১০,০০০ টাকা।

http://teachingbd.com

| | | |
|---|---|---|
| মার্চ | ২০ | সালামের নিকট হতে ৫% বাট্টায় ১৫,০০০ টাকা ও ধারে বিক্রয় ১০,০০০ টাকা। |
| " | ২৪ | সালামের নিকট থেকে ২৫০ টাকা বাট্টায় ৫০% নগদে ও ৫০% চেকে পরিশোধ করা হলো। |
| " | ৩০ | সালামের ইস্যুকৃত চেকটি ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হলো। |

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের টাকার পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৪, ৫, ১৫ ও ২০ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. একখানি তিনঘরা নগদান বই তৈরি করো। ৪

**৮.▶** মি. মাইদুল একজন খুচরা ব্যবসায়ী। তিনি পূর্ণাঙ্গ দু'তরফা দাখিলা অনুসরণ করেন না। ২০১৫ সালে তার ব্যবসায়ের আর্থিক অবস্থা নিম্নরূপ ছিল :

| হিসাবের নাম | ১ জানুঃ ২০১৫ (টাকা) | ৩১ ডিসেঃ ২০১৫ (টাকা) |
|---|---|---|
| নগদ তহবিল | ৪,০০০ | ৫,০০০ |
| ব্যাংক জমা | ২,০০০ | ১,০০০ (ক্রে.) |
| মজুদ পণ্য | ৭,০০০ | ১১,০০০ |
| বিবিধ দেনাদার | ৫,০০০ | ৯,০০০ |
| বিবিধ পাওনাদার | ৪,০০০ | ৩,০০০ |
| আসবাবপত্র | ৫,০০০ | |
| প্রাপ্য বিল | ১,০০০ | ২,০০০ |

মি. মাইদুল সারা বছর ধরে প্রতি সপ্তাহে ৫০ টাকা করে নগদ উত্তোলন করেন এবং মোট ২,৪০০ টাকার পণ্য উত্তোলন করেন। বছরের মাঝামাঝি সময় তিনি তার ব্যক্তিগত কম্পিউটার ২০,০০০ টাকায় বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থের ৫০% দিয়ে কারবারের জন্য একটি ডেলিভারি ভ্যান ক্রয় করেন।

**অন্যান্য তথ্য :** i. কারবার খরচ বকেয়া আছে ২,৫০০ টাকা। ii. দেনাদারবৃন্দের ওপর ১০% কুঋণ সঞ্চিতি ও ৫% দেনাদার বাট্টা সঞ্চিতি তৈরি করো। iii. আসবাবপত্রের ওপর ১০% এবং ডেলিভারি ভ্যানের ওপর ২০% অবচয় ধার্য করো। iv. মূলধনের ওপর ১০% হারে সুদ ধার্য করো।

ক. মোট মূলধনের সুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের প্রারম্ভিক ও সমাপনী মূলধন নির্ণয় করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

**৯.▶** বাবু ট্রেডার্স-এর ২০১৫ সালের লেনদেনগুলো নিম্নরূপ:

| | টাকা |
|---|---|
| সন্দেহজনক পাওনা সঞ্চিতি (১.১.২০১৫) | ২,০০০ |
| অনাদায়ী পাওনা (৩১.১২.২০১৫): | |

teachingbd.com

| | |
|---|---|
| লিখিত | ১,২০০ |
| অলিখিত | ৮০০ |
| প্রাপ্য হিসাব (৩১.১২.২০১৫) | ৬০,০০০ |

প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করতে হবে।

ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করো। ৪

**১০.▶** ২০১৫ সালের এপ্রিল মাসে মেসার্স সোনালী এন্টারপ্রাইজের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| এপ্রিল | ১ | মালিক ৫০,০০০ টাকা ব্যবসায়ে অতিরিক্ত বিনিয়োগ করেন। |
| " | ৫ | নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা। |
| " | ৬ | নগদ বিক্রয় ২০,০০০ টাকা। |
| " | ১২ | বিজ্ঞাপন খরচ প্রদান ৫,০০০ টাকা। |
| " | ১৬ | সিমলার নিকট পাওনা ১৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৪,৭৫০ টাকা নগদে পাওয়া গেল। |
| " | ১৮ | ইমনের নিকট দেনা ১২,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১২,৪০০ টাকা নগদে প্রদত্ত হলো। |
| " | ২২ | আশরাফের নিকট হতে অফিস সরঞ্জামাদি ক্রয় ৪০,০০০ টাকা (৫০% নগদে ও ৫০% ধারে)। |
| " | ২৬ | শিহাবের নিকট ধারে বিক্রয় বাবদ প্রাপ্য ২০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৯,৫৫০ টাকা পাওয়া গেল। |
| " | ২৮ | সুদ পাওয়া গেল ৩,০০০ টাকা। |
| " | ৩০ | সাদমানের নিকট দেনা ১৭,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৭,২৫০ টাকা প্রদত্ত হলো। |

ক. নগদ প্রাপ্তি ও প্রদান জবেদায় লিপিবন্ধ হবে না, এমন লেনদেনের সাধারণ জাবেদা দেখাও। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

**১১.▶** পিয়াস ট্রেডার্স ২০১১ সালের ১ জানুয়ারি তারিখে ২,০০,০০০ টাকার একটি যন্ত্র ক্রয় করে। যন্ত্রটির আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে যন্ত্রটির ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ৩১.১২.২০১২ তারিখে পিয়াস ট্রেডার্স উক্ত যন্ত্রটি ১,০০,০০০ টাকায় বিক্রয় করে। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে বার্ষিক হিসাব সমাপ্ত করে।

ক. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. সরলরৈখিক পদ্ধতিতে ২০১১ ও ২০১২ সালের জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. চলমান জের ছকে ২০১১ ও ২০১২ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব ও যন্ত্রপাতি হিসাব তৈরি করো। ৪

http://teachingbd.com

## বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

### বহুনির্বাচনি অভিক্ষা

সময় ঃ ৩০ মিনিট — পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

**১. কোন ভুলটি রেওয়ামিলের সাহায্যে ধরা পড়বে না?**
- ⓚ মাল ক্রয় বিক্রয় ফেরত বইতে লিখলে
- ⓐ মাসুদের নিকট হতে মাল ক্রয়ের জন্য তার হিসাব ডেবিট করা হলে
- ⓖ প্রাপ্ত চেক নগদান বইয়ের ক্রেডিট দিকে লিখলে
- ⓓ ধারে মাল বিক্রয় সংশ্লিষ্ট পক্ষের হিসাবে না লিখলে

**২. সম্ভাব্য দায় ও সম্ভাব্য সম্পদ রেওয়ামিলে না আসার কারণ—**

i. অনিশ্চিত দায় ii. অনিশ্চিত সম্পদ
iii. চলতি দায়

**নিচের কোনটি সঠিক?**
- ⓚ i ও ii ⓐ i ও iii
- ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**৩. কোন ধারণাকে হিসাববিজ্ঞানের মৌলিক ধারণা বলে অভিহিত করা হয়?**
- ⓚ আর্থিক মূল্যনীতি ⓐ সত্তামূলক ধারণা
- ⓖ দ্বৈতসত্তা ধারণা ⓓ রক্ষণশীলতার নীতি

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**

মিস তাহমিনা ৫.৪.১২ তারিখে নগদ ৫০,০০০ টাকা নিয়ে একটি বিউটি পার্লার খুললেন। ১০ তারিখে ব্যক্তিগত মোটরগাড়ি কারবারে সরবরাহ করলেন যার মূল্য ২০,০০০ টাকা। ১৫ তারিখে অফিস থেকে ১০,০০০ টাকা নিয়ে ব্যক্তিগত ব্যবহারের জন্য একটি মোবাইল সেট কিনলেন।

**৪. ৫ তারিখের লেনদেনের ফলে কোন হিসাবটি আন্তঃদায় হিসাবে বিবেচিত হবে?**
- ⓚ নগদান হিসাব ⓐ মূলধন হিসাব
- ⓖ সম্পদ হিসাব ⓓ মিস তাহমিনা হিসাব

**৫. সত্তা ধারণা অনুযায়ী ১০ তারিখের লেনদেনটি কোন প্রকৃতির?**
- ⓚ ব্যক্তিগত ⓐ কারবারি
- ⓖ অকারবারি ⓓ নগদ

**৬. অদৃশ্যমান সম্পত্তি ও ভুয়া সম্পত্তির মধ্যে পার্থক্য কী?**
- ⓚ ভুয়া সম্পত্তির বিক্রয়মূল্য থাকে না
- ⓐ অদৃশ্যমান সম্পত্তির বিক্রয় হয় না
- ⓖ এদের মধ্যে কোনো পার্থক্য নেই
- ⓓ এরা একটি অন্যটির পরিপূরক

**৭. 'বিক্রীত পণ্যের ব্যয়' নির্ণয় করা যায় কোনটির মাধ্যমে?**
- ⓚ প্রারম্ভিক মজুদ পণ্য + নিট ক্রয় − সমাপনী মজুদ পণ্য
- ⓐ (মোট বিক্রয় − মোট ক্রয়) + সমাপনী মজুদ পণ্য
- ⓖ প্রারম্ভিক মজুদ পণ্য + (নিট ক্রয় + ক্রয় সংক্রান্ত খরচ) − সমাপনী মজুদ পণ্য
- ⓓ (প্রত্যক্ষ ব্যয় + পরোক্ষ ব্যয়) − সমাপনী মজুদ পণ্য

**৮. একতরফা দাখিলা পদ্ধতিতে কারবারের সঠিক লাভ-ক্ষতি নিরূপণ সম্ভব নয়। কারণ এ পদ্ধতিতে—**

i. শুধু ব্যক্তি বাচক এবং সম্পত্তি বাচক হিসাব রাখা হয়
ii. শুধু সম্পত্তি বাচক হিসাব রাখা হয়
iii. নামিক হিসাব রাখা হয় না

**নিচের কোনটি সঠিক?**
- ⓚ i ও ii ⓐ i ও iii
- ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**৯. একতরফা দাখিলা পদ্ধতিতে অন্তর্বর্তীকালীন হিসাবের ফলাফল তৈরি করা কঠিন হয় কেন?**
- ⓚ নামিক হিসাব রাখা হয় না
- ⓐ সম্পত্তিবাচক হিসাব রাখা হয় না
- ⓖ ব্যক্তিবাচক হিসাব রাখা হয় না
- ⓓ নগদান হিসাব রাখা হয় না

**১০. একমালিকানা ব্যবসায়ী আজিজ-এর নগদ বিক্রয় ৫০,০০০ টাকা, প্রারম্ভিক প্রাপ্য হিসাব ২০,০০০ টাকা, সমাপনী প্রাপ্য হিসাব ৪০,০০০ টাকা, প্রাপ্য হিসাব থেকে প্রাপ্তি ১৫,০০০ টাকা। আজিজ-এর মোট বিক্রয়ের পরিমাণ কত?**
- ⓚ ৫০,০০০ টাকা ⓐ ৬৫,০০০ টাকা
- ⓖ ৭৫,০০০ টাকা ⓓ ৮৫,০০০ টাকা

**১১. প্রাপ্য নোটের সুদ কখন আদায় করা হয়?**
- ⓚ মাসের শুরুতে ⓐ মাসের শেষে
- ⓖ মেয়াদান্তে নোটের সাথে ⓓ নোট ভাঙানোর সময়

**১২. আদায়কৃত অনাদায়ী পাওনা বিশদ আয় বিবরণীতে স্থানান্তর করার জাবেদা কোনটি?**
- ⓚ নগদান হিসাব ডে. বিশদ আয় বিবরণী ক্রে.
- ⓐ অনাদায়ী পাওনা আদায় হিসাব ডে. বিবিধ আয় হিসাব ক্রে.
- ⓖ অনাদায়ী পাওনা আদায় হিসাব ডে. বিশদ আয় বিবরণী ক্রে.
- ⓓ বিশদ আয় বিবরণী ডে. অপ্রত্যাশিত আয় হিসাব ক্রে.

**১৩. হিসাবকাল শেষে অনাদায়ী পাওনা হিসাবের জের কোথায় প্রদর্শিত হবে?**
- ⓚ প্রাপ্য হিসাবে
- ⓐ আর্থিক অবস্থার বিবরণীর প্রাপ্য হিসাব হতে বাদ যাবে
- ⓖ বিশদ আয় বিবরণীতে
- ⓓ নগদান বইতে খরচ হিসাবে প্রদর্শিত হবে

Teachingbd.com

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।

মি. কিবরিয়া ২০১২ সালে আয় বাবদ মোট ২০,০০০ টাকা গ্রহণ করলেন। এই টাকার মধ্যে ৪,০০০ টাকা ২০১১ সালের প্রাপ্তি এবং ২,০০০ টাকা ২০১৩ সালের অগ্রিম আয় স্বরূপ গণ্য করতে হবে। এছাড়া ২০১২ সালের বকেয়া আয় ২,০০০ টাকা।

১৪. বকেয়া ভিত্তিক হিসাবরক্ষণে নিট আয়ের পরিমাণ কত?
ক) ১৪,০০০ টাকা  খ) ১৫,০০০ টাকা
গ) ১৬,০০০ টাকা  ঘ) ২০,০০০ টাকা

১৫. নগদ ভিত্তিক হিসাবরক্ষণে নিট আয়ের পরিমাণ কত?
ক) ১৪,০০০ টাকা  খ) ২০,০০০ টাকা
গ) ২৪,০০০ টাকা  ঘ) ২৮,০০০ টাকা

১৬. নগদ ক্রয় ৪০,০০০ টাকা, ধারে ক্রয় ১০,০০০ টাকা, কারবারি বাট্টা ১০%, প্যাকিং খরচ ৫০০ টাকা, বিমা খরচ ১,০০০ টাকা ও পরিবহন খরচ ২,০০০ টাকা। ক্রয় বইতে লিখতে হবে কত টাকা?
ক) ১২,৫০০ টাকা  খ) ১৩,৫০০ টাকা
গ) ১৪,৫০০ টাকা  ঘ) ১৫,০০০ টাকা

১৭. পাস বই বা ব্যাংক বিবরণীর ডেবিট উদ্বৃত্ত দ্বারা কী বোঝায়?
ক) ব্যাংক জমা  খ) ব্যাংক জমাতিরিক্ত
গ) নগদ তহবিল  ঘ) ব্যাংক তহবিল

১৮. নগদান বই এবং পাস বইয়ের মধ্যে গড়মিলের কারণ কী?
ক) আদায়ের জন্য ব্যাংকে প্রেরিত চেক আদায়
খ) ইস্যুকৃত চেক উপস্থাপিত হয়েছে
গ) ব্যাংকে চেক জমা দেয়া হয়েছে কিন্তু সময়মত আদায় হয়নি
ঘ) ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর যা নগদান বইয়ে লিপিবদ্ধ হয়েছে

১৯. আমানতকারীর নির্দেশ মতো ব্যাংক সরাসরি আদায় করে—
i. বিনিয়োগের সুদ
ii. বিমা কোম্পানি প্রদত্ত ক্ষতিপূরণ
iii. দেনাদারের নিকট হতে প্রাপ্য অর্থ

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২০. অগ্রিম ভাড়া প্রাপ্তি ক্রেডিট হবে, কারণ এটি—
i. অনুপার্জিত আয়  ii. সম্ভাব্য আয়
iii. ভবিষ্যতে সেবা প্রদানের দায়বদ্ধতা সৃষ্টি করে

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।

মি. রফিক ১ জুলাই ১,০০,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ব্যবসায় শুরু করেন। ৫ তারিখে রাজীবকে ৫,০০০ টাকার একটি বিলে স্বীকৃতি দেন। ১০ তারিখে বাজারে পণ্যের মূল্য এবং কর হার বৃদ্ধি পায়। ১৫ তারিখে ৫০,০০০ টাকা ঋণ গ্রহণের জন্য ব্যাংকে আবেদন করেন।

২১. ১ তারিখের ঘটনাটি হিসাব সমীকরণে কী প্রভাব ফেলে?
ক) A বৃদ্ধি পায় ও E হ্রাস পায়
খ) A হ্রাস পায় ও E বৃদ্ধি পায়
গ) A হ্রাস পায় ও L বৃদ্ধি পায়
ঘ) A ও E বৃদ্ধি পায়

২২. পণ্যের মূল্য বৃদ্ধি ও কর হার বৃদ্ধি হিসাব সমীকরণে কী পরিবর্তন আনে?
ক) A ও E বৃদ্ধি পায়  খ) A ও E হ্রাস পায়
গ) A বৃদ্ধি ও E হ্রাস পায়  ঘ) কোন প্রভাব ফেলে না

২৩. অবচয় ধার্য করা হলে হিসাব সমীকরণে কোনগুলোর হ্রাস ঘটবে?
ক) E উপকরণের  খ) A ও L উপকরণের
গ) L উপকরণের  ঘ) A ও E উপকরণের

২৪. ১৩,০০০ টাকায় পণ্য ক্রয় করে ১৪,০০০ টাকায় বিক্রয় করা হলে মূলধন হিসাবে কী পরিবর্তন আসবে?
ক) ২৭,০০০ টাকা বৃদ্ধি পাবে
খ) ১৪,০০০ টাকা হ্রাস পাবে
গ) ১৩,০০০ টাকা বৃদ্ধি পাবে
ঘ) ১,০০০ টাকা বৃদ্ধি পাবে

২৫. কোন হিসাবগুলোর বিপরীত দাখিলা দেয়া হয়?
ক) আয় ও ব্যয়
খ) অগ্রিম আয় ও খরচ
গ) সম্পদ ও দায়
ঘ) বকেয়া ও অগ্রিম আয় ও খরচ

২৬. অগ্রপ্রদত্ত খরচকে সমন্বয় করা না হলে কী ঘটবে?
ক) সম্পত্তি কম দেখানো হবে এবং ব্যয় বেশি দেখানো হবে
খ) সম্পত্তি বেশি দেখানো হবে এবং ব্যয় কম দেখানো হবে
গ) ব্যয় বেশি দেখানো হবে এবং দায় কম দেখানো হবে
ঘ) ব্যয় কম দেখানো হবে এবং দায় বেশি দেখানো হবে

২৭. 'খনি থেকে কয়লা উত্তোলন' কোনটির উদাহরণ?
ক) সময়ের বিবর্তন  খ) প্রত্যক্ষ সম্ভোগ
গ) অপ্রচলন  ঘ) ব্যবহারহীনতা

২৮. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় নির্ণয়ের সময় কোনটি অবিবেচিত থাকে?
ক) সম্পদের ক্রয়মূল্য
খ) সম্পদের আনুমানিক কার্যকাল
গ) বার্ষিক মুদ্রাস্ফীতির সূচক
ঘ) সম্পদের আনুমানিক নিঃশেষিত মূল্য

২৯. IAS-১৬ অনুযায়ী সম্পত্তি ব্যয়ের সাথে জড়িত—
i. অর্জন ব্যয়  ii. নির্মাণ ব্যয়
iii. পশ্চাৎকালীন ব্যয়

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৩০. মালিকানা স্বত্বের হ্রাস কী নির্দেশ করে?
ক) আয় হতে ব্যয় কম
খ) লাভ অপেক্ষা উত্তোলন বেশি
গ) ক্ষতি অপেক্ষা উত্তোলন কম
ঘ) উত্তোলন অপেক্ষা ক্ষতি কম

Teachingbd.com